

## মৃত্তিকা ও পুষ্টি বিভাগ

### উদ্দেশ্য

মৃত্তিকা ও পুষ্টি বিভাগের প্রধান উদ্দেশ্য হলো আখ, সুগারবীট, তাল-খেজুরসহ বিভিন্ন সাথী ফসল ও অন্যান্য চিনিজাতীয় ফসলে অঞ্চলভেদে সারের মাত্রা নির্ধারণ, আধুনিকীকরণ ও সুপারিশ করা এবং মাটি ও গাছের লক্ষন বিশ্লেষণের মাধ্যমে জৈব, অজৈব ও প্রাকৃতিক উৎস হতে প্রাপ্ত পুষ্টি উপাদানসমূহের সর্বোত্তম ব্যবহার।

### মৃত্তিকা ও পুষ্টি বিভাগের প্রধান কাজসমূহ

টেকসই আখ উৎপাদনের জন্য কৃষি পরিবেশ অঞ্চল ভিত্তিক সার ব্যবস্থাপনার জন্য বিভিন্ন গবেষণা কার্যক্রম গুরুতব সহকারে পরিচালনা করে থাকে। সমন্বিত পুষ্টি ব্যবস্থাপনা পদ্ধতিতে প্রধান এবং মুড়ি আখ চাষের মাধ্যমে মাটির স্বাস্থ্য রক্ষা করে। এছাড়া স্থান ভিত্তিক পুষ্টি উপাদানের চাহিদা নিরূপণ, মিশ্র সার উদ্ভাবন, গৌণ পুষ্টি উপাদানসমূহ ব্যবহারের মাধ্যমে আখ ও রসের গুণগত মান উন্নয়ন এবং জৈব ও রাসায়নিক সারের যৌথ ব্যবহারে মুড়ি ফসলে পুষ্টি উপাদানের অবশিষ্টাংশের প্রভাব পর্যবেক্ষণ। বায়বীয় নাইট্রোজেন আবদ্ধকারী আখের বিভিন্ন জাতের সনাক্তকরণ। নাইট্রোজেন সংবন্ধনকারী এবং ফসফেট দ্রবীভূতকারী ব্যাকটেরিয়া সনাক্তকরণের মাধ্যমে জীবানু সার উদ্ভাবন এবং চিনি শিল্পের উপজাত যেমন- প্রেসমাড, ছোবড়া ও চিটাগুড় এগুলো জৈব সার হিসেবে ব্যবহার করা।